ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৬০০

আগরতলা,৭ জুলাই,২০২৫

# বর্তমান সরকার প্রথম থেকেই রাজ্যের ক্রীড়া পরিকাঠামোর উন্নয়নে সচেষ্ট : মুখ্যমন্ত্রী

বর্তমানে রাজ্যের যুব সমাজের খেলাধুলার প্রতি আগ্রহ আগের থেকে অনেকটাই বেড়েছে। রাজ্য সরকারের খেলাধুলার পরিকাঠামোর সার্বিক উন্নয়নের চিন্তাধারার ফলেই তা সম্ভব হয়েছে। আজ হোটেল সোনারতরী বি.-ডিভিশন লিগ ২০২৫-২৬-এর শেষ দিনে উমাকান্ত স্টেডিয়ামে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অংশগ্রহণ করে সাংবাদিকদের সাথে মতবিনিময়কালে একথা বলেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। উল্লেখ্য, গত ৮ জুন থেকে শুরু হওয়া এই ফুটবল লিগে অপরাজিত থেকে চ্যাম্পিয়ন হয়েছে শান্তিপাড়ার ঐকতান যুব সংস্থা এবং রানার্স হয়েছে বীরেন্দ্র ক্লাব। পুরস্কারপ্রাপক ক্লাবের সদস্যদের হাতে ট্রফি ও নগদ অর্থরাশির চেক তুলে দেন মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিগণ। আজ উমাকান্ত মাঠে প্রতিযোগিতার শেষ ম্যাচে বীরেন্দ্র ক্লাব ও নবোদয় সংঘের মধ্যে খেলাটি গোলশূন্যভাবে ড্র হয়। এই ফুটবল প্রতিযোগিতার আয়োজনে সহায়তায় ছিলো ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশন।

সাংবাদিকদের সাথে মতবিনিময়ে মুখ্যমন্ত্রী আরও বলেন, বর্তমান সরকার প্রথম থেকেই রাজ্যের ক্রীড়া পরিকাঠামোর উন্নয়নে সচেষ্ট রয়েছে। খেলাধুলার সাথে যত বেশিভাবে যুব সমাজ যুক্ত থাকবে ততই নেশার মতো অভিশাপ থেকে তাদের দূরে রাখা সম্ভব হবে। তখনই এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গঠনের লক্ষ্য পূরণ সম্ভব হবে। মুখ্যমন্ত্রী এই প্রতিযোগিতায় অংশগ্রহণকারী সবকটি দলের সদস্যদের অভিনন্দন জানান এবং আশা প্রকাশ করেন আগামীদিনে তাদের ফলাফল আরও ভালো হবে। আজকের এই পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান নবাদল বণিক, ত্রিপুরা অলিম্পিক অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান রতন সাহা, ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশনের সভাপতি প্রণব সরকার, সহ-সভাপতি রূপক সাহা প্রমুখ।

*****